গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং-২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২.৩৯

তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২২ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ "জাতীয় পাট দিবস" উদযাপন ও ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উপলক্ষে ২০/০২/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ৬ মার্চ, ২০১৭ তারিখে "জাতীয় পাট দিবস" উদযাপন ও ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উপলক্ষে ২০/০২/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

(এ. এম সাইফুল হাসান)
উপ-সচিব (আইন) ও সদস্য সচিব।
সার্বিক পরিকল্পনা প্রণয়ন ও প্রধান সমন্বয় কমিটি।
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, পাট অধিদপ্তর ও আহ্বায়ক, আমন্ত্রিত অতিথিদের তালিকা ও আমন্ত্রণপত্র প্রস্তুত এবং বিতরণ উপ-কমিটি।
০২. অতিরিক্ত সচিব (বে ও বি), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, অর্থ উপ-কমিটি।
০৩. যুগ্ম-সচিব (প্রশা-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, অভ্যর্থনা উপ-কমিটি।
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, এসএসএফ সদস্যগণের সাথে লিয়াজো ও সহযোগিতা প্রদান উপ-কমিটি।
০৫. যুগ্ম-সচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, যানবাহন উপ-কমিটি।
০৬. যুগ্ম-সচিব (পাট-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অনুষ্ঠান উপস্থাপনা ও ঘোষণা উপ-কমিটি।
০৭. যুগ্ম-সচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সদস্যগণের বসার স্থান প্রস্তুতকরন এবং সহায়তা প্রদান উপ-কমিটি।
০৮. অতিরিক্ত সচিব (আইন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, সম্মেলন কক্ষে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য ডকুমেন্টারী ডিসপ্লে ও সুভিন্যর প্রকাশনা উপ-কমিটি।
০৯. যুগ্ম-সচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা পাস ইস্যুকরণ সংক্রান্ত উপ-কমিটি।
১০. অতিরিক্ত সচিব (অডিট ও পাট-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, ভাষণ প্রস্তুতকরণ উপ-কমিটি।
১১. অতিরিক্ত সচিব(পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও সম্মেলন কক্ষের সার্বিক ব্যবস্থা উপ-কমিটি।
১২. অতিরিক্ত সচিব(পাট), আহবায়ক, পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি।
১৩. যুগ্ম-সচিব (বস্ত্র-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, আসন ব্যবস্থাপনা উপ-কমিটি।
১৪. যুগ্ম-সচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, ডিসপ্লে ও পাট পণ্য মেলা আয়োজন উপ-কমিটি।
১৫. অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, থিম সং প্রস্তুতকরন সংক্রান্ত উপ-কমিটি।
১৬. মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা ও সারাদেশব্যাপী একই ধরণের পোষ্টার,লিফলেট,ব্যানার ফেস্টুনসমূহ কেন্দ্রীয় ভাবে নির্দিষ্টকরণ সংক্রান্ত উপ-কমিটি।
১৭. যুগ্ম-সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, পাটপণ্যবাহী ঘোড়ার গাড়ি সাজসজ্জাকরন এবং র‍্যালী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত উপ-কমিটি।
১৮. অতিরিক্ত সচিব (বে ও বি), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, রচনা প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি।
১৯. মাননীয় মন্ত্রি মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

চলমান পাতা-২

২০. মাননীয় প্রতিমন্ত্রি মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

২২. জনাব মো: আব্দুল মান্নান, সিএও, ক্যানভাস বাংলাদেশ, সুমনা গণি ট্রেড সেন্টার, লেভেল-৬, প্লট-২, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

২৩. জনাব মোঃ মোবাশ্বর হোসেন, ক্রিয়েটিভ ডিজাইনার, ক্যানভাস বাংলাদেশ, সুমনা গণি ট্রেড সেন্টার, লেভেল-৬, প্লট-২, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

২৪. ড্যানিয়েল আজাদ, গ্রে এডভারটাইজিং, গুলশান, ঢাকা।

২৫. জনাব মো: মাহফুজুর রহমান, গ্রে এডভারটাইজিং, গুলশান, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

"জাতীয় পাট দিবস" উদযাপন এবং ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা আয়োজন উপলক্ষে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মির্জা আজম, এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭১০)।

সভার তারিখ : ২০.০২.২০১৭ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিতি : পরিশিষ্ট সংযুক্ত।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সচিব আগামী ৯ মার্চ ২০১৭ তারিখ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় পাট দিবস উদযাপনের অগ্রগতি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (পরিকল্পনা) কে অনুরোধ জানান। সভায় অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বিগত সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

- বিগত সভার কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে মর্মে জানান।
- মাননীয় প্রধানমন্ত্রীর ভাষনের খসড়া, আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা, অনুষ্ঠানসূচী এবং মঞ্চের আসনবিন্যাস অনুমোদনের জন্য নথি পেশ করা হয়েছে। অনুমোদিত হওয়ার পর মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হবে। অতঃপর তিনি সাব-কমিটি সমূহের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য আহবান করেন।

২. সাব-কমিটি সমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত:

২.১ আমন্ত্রিত অতিথিদের তালিকা ও আমন্ত্রণপত্র প্রস্তুত এবং বিতরণ উপ-কমিটি:
মহাপরিচালক, পাট অধিদপ্তর সভাকে জানান যে, আমন্ত্রিত অতিথিদের নামের তালিকা চূড়ান্ত করে ৩ কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত:

০১. অনুষ্ঠানসূচী, আমন্ত্রণপত্র, অতিথিদের নামের তালিকা এবং আসন বিন্যাসের কপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
০২. ইভেন্ট ম্যানেজমেন্ট Canvas Bangladesh এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে নির্ভুল আমন্ত্রণপত্র মুদ্রণ করতে হবে।
০৩. আমন্ত্রণপত্র বিতরণের কার্যক্রম নিশ্চিত করতে হবে।

২.২ অর্থ উপ-কমিটি:
উপ-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে জাতীয় পাট দিবস উদযাপনের জন্য এক কোটি টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে।

সিদ্ধান্ত:

০১. অর্থ বিভাগের সাথে যোগাযোগপূর্বক অর্থ প্রাপ্তি নিশ্চিত করা;

২.৩ অনুষ্ঠান উপস্থাপনা ও ঘোষণা উপ-কমিটি:
কমিটির আহবায়ক যুগ্মসচিব (পাট-৩) সভাকে জানান যে, ২ জন ঘোষক-ঘোষিকা, ২ জন ইশারা উপস্থাপক

চলমান পাতা-০২

এবং ৪ জন ধর্মগ্রন্থ পাঠকারীর নাম চূড়ান্ত করা হয়েছে। আগামি ২২.০২.২০১৭ তারিখে তাদেরকে মন্ত্রণালয়ে আসার জন্য বলা হয়েছে। তাদের সাথে আলোচনা পূর্বক ধর্মগ্রন্থ পাঠের বিষয়বস্তু ও ধারাভাষ্য প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

সিদ্ধান্ত:

০১. উপস্থাপক, ঘোষক-ঘোষিকা ও ইশারা উপস্থাপকদের সাথে যথাসময়ে যোগাযোগ রক্ষাপূর্বক অনুষ্ঠানের পূর্বে তাদেরকে সাথে নিয়ে রিহার্সেলের ব্যবস্থা করতে হবে।
০২. অনুষ্ঠানের পূর্বেই তাদেরকে অনুষ্ঠান স্থলে নিয়ে আসা এবং তাদের সম্মানী প্রদান নিশ্চিত করতে হবে।

২.৪ স্যুভেনির প্রকাশনা উপ-কমিটি:

কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (আইন) সভাকে জানান যে, প্রাপ্ত লেখা এবং বাণী সমূহের পান্ডুলিপির সফট কপি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী Canvas Bangladesh কে প্রদান করা হয়েছে। এছাড়া মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বাণীও পাওয়া গেছে। সভায় মাননীয় প্রতিমন্ত্রী জানান যে, স্যুভেনিরে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী যেন নির্ভুল এবং তথ্যবহুল হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।

সিদ্ধান্ত:

০১. স্যুভেনির যেন তথ্যবহুল, নির্ভুল এবং দৃষ্টিনন্দন হয় সে অনুযায়ী ইভেন্ট ম্যানেজমেন্ট ক্যানভাস বাংলাদেশের মাধ্যমে মুদ্রণের সময় নিয়মিত মনিটরিং করতে হবে;
০২. স্যুভেনিরের প্রচ্ছদ অনুমোদন গ্রহণপূর্বক মুদ্রণ করতে হবে;
০৩. স্যুভেনির বিতর্কিত কোন বিষয়, ভুল ও বিভ্রান্তিকর কোন তথ্য যেন না থাকে তা কমিটির সকল সদস্যকে নিশ্চিত করতে হবে;
০৪. উপ-কমিটি মুদ্রণের বিষয়টি তদারকি করবে।

২.৫ কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা পাস ইস্যুকরণ সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়ক যুগ্মসচিব (অডিট) বলেন, ইতোমধ্যে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের এবং রচনা পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা পাওয়া গিয়েছে। কিন্তু ইভেন্ট ম্যানেজমেন্ট এবং পাট দিবসের পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা পাওয়া যায়নি।

সিদ্ধান্ত:

আগামী ২২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে ইভেন্ট ম্যানেজমেন্ট ও পুরস্কার প্রাপ্তদের সহ সংশ্লিষ্টদের নামের তালিকা ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট উপ-কমিটির নিকট দাখিল করতে হবে।

২.৬ ভাষণ প্রস্তুতকরণ উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন যে, তার কমিটি ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ লেখার কার্যক্রম সম্পন্ন করেছেন। এছাড়া বিশেষ অতিথি বৃন্দের ভাষণের খসড়া চূড়ান্ত করে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত:

০১. বিশেষ অতিথি বৃন্দের ভাষণের খসড়া সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে।

২.৭ সম্মেলন কক্ষের সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি:

কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (পাট) জানান যে, তারা ইতোমধ্যে এ বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট এর সাথে সমন্বয় করে কাজ করার জন্য যোগাযোগ করার চেষ্টা করেছেন। কিন্তু কেউ টেলিফোন রিসিভ করেননি। কমিটির সভাপতি আরও বলেন যে, সুনির্দিষ্ট ব্যক্তিকে যোগাযোগের দায়িত্ব প্রদান করা হলে সমন্বয়ের কাজটি সহজ হবে।

চলমান পাতা-০৩

সিদ্ধান্ত:

০১. ইভেন্ট ম্যানেজমেন্ট এর একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসাবে নির্বাচিত করতে হবে যেন যোগাযোগের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি না হয়;

০২. ইভেন্ট ম্যানেজমেন্ট ক্যানভাস বাংলাদেশ এবং গ্রে তাদের কাজের অগ্রগতি উপ-কমিটির আহবায়ককে নিয়মিত অবহিত করবেন।

০৩. ইভেন্ট ম্যানেজমেন্ট ক্যানভাস বাংলাদেশ এবং গ্রে পাট দিবস উদযাপনের অগ্রগতি সাপ্তাহিক সভায় উপস্থাপন করবেন।

২.৮ ডিসপ্লে ও পাটপণ্য মেলা আয়োজন উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থা মেলার স্থান পরিদর্শন করেছেন এবং একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করেছেন। তদানুসারে তাদের কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্তঃ

০১. ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থাকে দৃষ্টিনন্দন ভাবে মেলার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.৯ শ্লোগান নির্ধারণ করাসহ থিম সং প্রস্তুতকরণ সংক্রান্ত উপ-কমিটি:

Canvas Bangladesh এর প্রতিনিধি সভায় থিম সং টি উপস্থাপন করেন। কর্মকর্তাগণ উক্ত থিম সংটি যথেষ্ট আকর্ষনীয় হয়নি মর্মে অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্তঃ

০১. থিম সংটি আরও শ্রুতিমধুর ভাবে প্রস্তুত পূর্বক সাউন্ডবক্স সহকারে আগামি সভায় উপস্থাপন করবে।

২.১০ সারা দেশব্যাপী একই ধরণের পোষ্টার, লিফলেট, ব্যানার ফেস্টুনসমূহ কেন্দ্রীয়ভাবে নির্দিষ্টকরণ সংক্রান্ত উপ-কমিটি:

মহাপরিচালক, পাট অধিদপ্তর জানান যে, এ বিষয়ে সারা দেশব্যাপী একই ধরণের পোষ্টার, লিফলেট, ব্যানার ফেস্টুন ব্যাপকভাবে প্রচারের জন্য সফট কপি স্থানীয়ভাবে মূদ্রণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

০১. ইভেন্ট ম্যানেজমেন্ট ক্যানভাস বাংলাদেশের সাথে সমন্বয় করে ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়ক দ্বীপ এবং অনুষ্ঠানস্থলসমূহ সুসজ্জিতকরণ নিশ্চিত করবে।

০২. জেলা-উপজেলা পর্যায়ে যথাযথভাবে জাতীয় পাট দিবস উদযাপনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

২.১১ পাটপণ্যবাহী ঘোড়ার গাড়ি সাজসজ্জা করণ এবং র‍্যালী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত উপ-কমিটি:

Canvas Bangladesh কর্তৃক জাতীয় পাট দিবসের র‍্যালী ও হাতিরঝিলে নৌ র‍্যালীর প্রস্তুতির বিষয়ে আলোচনায় জানা যায় সংশ্লিষ্ট সাব-কমিটি ও ইভেন্ট ম্যানেজমেন্টর সাথে সমন্বয় নেই।

সিদ্ধান্তঃ

০১. র‍্যালীতে উপস্থাপনের প্রতিটি বিষয় সাব-কমিটির সাথে আলোচনা ও অনুমোদন গ্রহণপূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

০২. সংশ্লিষ্ট উপ কমিটির সদস্যগণকে Canvas Bangladesh এর উল্লিখিত কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সমন্বয় ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২.১২ রচনা প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়কের অনুপস্থিতিতে বেগম তানিয়া খান, উপ-প্রধান জানান যে, ইতোমধ্যে রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের নামের তালিকা পাওয়া গিয়েছে। এছাড়া পুরস্কারের ডিজাইন এবং সার্টিফিকেটের নমুনা প্রস্তুত করে উপস্থাপন করা হবে, যা অনুমোদিত হলে উপ-কমিটি পুরষ্কার ক্রয় এবং সনদ পত্র ছাপানোর কাজ সমাপ্ত করবেন।

চলমান পাতা-০৪

সিদ্ধান্তঃ

০১. বিজয়ীদের এসবি পাশের জন্য তথ্য সংশ্লিষ্ট উপ-কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে এবং অভিভাবকগণের জন্য আমন্ত্রণপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে।

০২. বিজয়ীদের জন্য প্রদেয় ক্রেস্ট ও সনদপত্রের নমুনার অনুমোদন গ্রহণ পূর্বক তা ক্রয় এবং ছাপানোর কার্যক্রম সম্পন্ন করতে হবে;

০৩. পুরস্কার প্রাপ্তদের জন্য আবাসন ও যাতায়াত ব্যবস্থা মহাপরিচালক, পাট অধিদপ্তর নিশ্চিত করবেন;

০৪. পুরস্কার প্রাপ্তগণের ৮ মার্চ ২০১৭ অনুষ্ঠিতব্য রিহার্সেলে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২.১৩ ক্রোড়পত্র, ডকুমেন্টারী ও প্রচার সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে জানান যে, ক্রোড়পত্রটি প্রস্তুত করা হয়েছে যা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। গ্রে-বাংলাদেশ প্রস্তুতকৃত ডকুমেন্টারিটি সভায় উপস্থাপন করা হয় । সভাপতি বলেন ডকুমেন্টারীটিতে জুট জিও টেক্সটাইল, জেডিপিসি, পলিথিনের বিকল্প পাটের শপিং ব্যাগ, পাট পাতা থেকে পানীয় তৈরির বিষয়টি সংযোজন হয়নি। তিনি বিষয়টি সংযোজনপূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

ডকুমেন্টারীটিতে জুট জিও টেক্সটাইল, জেডিপিসি, পলিথিনের বিকল্প পাটের শপিং ব্যাগ, পাট পাতা থেকে পানীয় তৈরির বিষয়টি অন্তর্ভুক্ত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।

২.১৪ পুরস্কার প্রদান সংক্রান্ত উপ-কমিটি:

পুরস্কার প্রদানের জন্য সেরা পাটচাষী, সেরা পাট বীজ উদপাদনকারী, শ্রেষ্ঠ পাটকল, সেরা উদ্যোক্ত, পাটপণ্য ও বহুমুখী পাটপণ্য রপ্তানীকারী প্রতিষ্ঠান, পাট পাতা থেকে পানীয় উদ্ভাবন এবং পলিব্যাগের বিকল্প পাটের তৈরী শপিংব্যাগ প্রভৃতি ক্যাটাগরীতে পুরস্কার প্রদানের জন্য যাঁচাই বাছাই কমিটি আগামী সভার পূর্বেই পুরস্কার প্রাপ্তদের তালিকা প্রস্তুত করবে।

সিদ্ধান্ত:

০১. পুরস্কার জন্য ক্রেস্ট ও সনদের নমুনা অনুমোদন গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট সাব-কমিটির আহবায়ক ক্রয় এবং নির্ভুল মুদ্রণ নিশ্চিত করবেন।

০২. পুরস্কার প্রাপ্তদের এসবি পাশের জন্য তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট উপ-কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৩. অনুষ্ঠানের পূর্বের দিন পুরস্কার প্রাপ্তদের রিহার্সেলে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৩. সমাপনী অনুষ্ঠান:

১১ মার্চ ২০১৭ তারিখ সন্ধ্যা ৬ টায় সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এ সভায় আলোচনা, পুরস্কার বিতরণ এবং সাঙ্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ বিষয়ে ক্যানভাস বাংলাদেশ সাংস্কৃতিক অনুষ্ঠানের একটি কর্মসূচী তৈরী পূর্বক আগামী সভায় দাখিল করবে।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/২/১৭

(মির্জা আজম, এম.পি)
প্রতিমন্ত্রী
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।